



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd



বিষয়ঃ সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
স্থান : যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর।
তারিখ : ২০.০৯.২০২২
সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও উপসচিব ড. বিলকিস বেগম সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। তিনি জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.২ নং কার্যক্রমের অংশ হিসেবে “সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন” বিষয়ে ০৪ (চার)টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে।

০২। সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হলো নাগরিক ও সেবা প্রদানকারী দপ্তর/সংস্থার মধ্যকার একটি চুক্তি (Agreement) বা সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃংখলা আনয়ন করে। সেবা সংক্রান্ত সকল তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। তিনি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.২ নং কার্যক্রমের অংশ হিসেবে “সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন” বিষয়ে গুরুত্বারোপ করেন।

০৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সভার সদস্যগণ দ্রুততম সময়ের মধ্যে অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে একমত পোষণ করেন।

০৪। সভায় আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ কমিটি নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন।

(খ) এ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সমন্বয়ে দ্রুততম সময়ের মধ্যে অবহিতকরণ সভার আয়োজন করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২০/০৯/২০২২

(মোঃ আসাদুজ্জামান)

যুগ্মসচিব (প্রশাসন)


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০০১.২২-১৪০৪

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধাতম্বুনক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পদবীক্ষণ ইউনিট, শিক্ষাজবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।


২১/০৯/২০২২
(ড. বিলাকিস বেগম)
উপসচিব

ফোনঃ ৫৫১০০৯২৮

ই-মেইল: dsad2@mopme.gov.bd